**জনতা ব্যাংক পিএলসি.**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**www.jb.com.bd**

**বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট**
ফোনঃ ০২-২২৩৩৮১৩৩৭

১৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ
তারিখ:--------------------------
৩০ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ

**নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৪২৮/২৬**

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা/উপশাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয়: নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS) এর মেয়াদ বৃদ্ধি ও সুদের হার পুণঃনির্ধারণ প্রসঙ্গে।

১. জনতা ব্যাংক পিএলসি. এর পরিচালনা পর্ষদের ৮৩৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩১০/২৫ তারিখঃ ০২/০১/২০২৫ এর মাধ্যমে বার্ষিক ১১.২৩% চক্রবৃদ্ধি মুনাফায় ০৬ বছর ০৬ মাস মেয়াদে নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS) চালু করা হয় । পরবর্তীতে নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩৫২/২৫ তারিখঃ ১৭/০৯/২০২৫ এর মাধ্যমে বার্ষিক ১০.৪১% চক্রবৃদ্ধি মুনাফায় ০৭ বছর মেয়াদ নির্ধারণ করা হয়।

২. বর্তমানে ব্যাংকের তারল্য পরিস্থিতি উন্নত হওয়ায় উচ্চ সুদ/মুনাফায় নতুন আমানত সংগ্রহের উপর নির্ভরশীলতা হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে ১৩/০৯/২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৯০২তম সভায় নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS) এর সুদের হার হ্রাস করে মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত প্রদান করা হয়।

৩. নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS) এর পবির্তিত মেয়াদ ও সুদের হার নিম্নরূপ:

| স্কিমের নাম | বর্তমান মেয়াদ ও সুদের হার | | পরিবর্তিত মেয়াদ ও সুদের হার | | পরিবর্তিত মেয়াদ ও সুদের হার কার্যকরের তারিখ |
|---|---|---|---|---|---|
| | মেয়াদ | সুদের হার | মেয়াদ | সুদের হার | |
| নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS) | ০৭ বছর | ১০.৪১% (চক্রবৃদ্ধি হারে) | ০৭ বছর ০৬ মাস | ৯.৬৮% (চক্রবৃদ্ধি হারে) | ১৫ সেপ্টেম্বর, ২০২৬ |

৪. বিশেষ নির্দেশনা:
ক) ইতোপূর্বে খোলা হিসাবসমূহের মেয়াদ ও সুদের হার অপরিবর্তিত থাকবে।
খ) উল্লেখ্য নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩১০/২৫ তারিখঃ ০২/০১/২০২৫ এবং নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩৩৩/২৫ তারিখঃ ২৯/০৫/২০২৫ এর সুদের হার ও মেয়াদ ব্যতীত অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, জনতা ব্যাংক পিএলসি.'র নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কিম (NGDBS)-এর মুনাফার হার ৯.৬৮% এবং মেয়াদ ০৭ বছর ০৬ মাস আগামী ১৫ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ হতে কার্যকর হবে। পরিবর্তিত নীতিমালায় গ্রাহকদের সুযোগ-সুবিধা সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচোরণা কার্যক্রম পরিচালনা এবং অধিক পরিমাণে হিসাব খোলার মাধ্যমে আমানত বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরামর্শ প্রদান করা হলো।

১৪/০৯/২০২৬
মোহাম্মদ রিয়াজ হোসেন ফেরদৌস
উপমহাব্যবস্থাপক

মোহাম্মদ সাফায়েত হোসেন
মহাব্যবস্থাপক